৩১৫

তারিখ ... ... AUG 17 1999
পৃঃ 2 কলাম ৪

দৈনিক সংবাদ

## ছাত্র ইউনিয়নের সমাবেশে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সংসদ সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিলশেষে এক সমাবেশে অবিলম্বে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি জানিয়েছে।

সংগঠনের সভাপতি মঞ্জুর-এ খোদা টরিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন হাফিজ আদনান রিয়াদ, শরিফুজ্জামান শরিফ, নাদিরা সুলতানা নদী, মাহবুবুর রহমান শিপন।

সমাবেশে বক্তারা সন্ত্রাসীদের গ্রেফতার করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলে দেয়ার দাবি জানান। বক্তারা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আন্দোলনের সাথে সংহতি প্রকাশ করে তাদের ন্যায্য দাবি মেনে নেয়ার দাবি জানান। সংবাদ বিজ্ঞপ্তি।